

কৃষি স্কুল প্রসারের
লক্ষ্যে শিক্ষা-
প্রযুক্তি সম্মেলন

ইত্তেফাক রিপোর্ট ॥ দেড় শতা-
ধিক স্কুল কলেজের মাধ্যমে সমাজ
জীবনে প্রযুক্তি দক্ষতা ও কর্মসংস্থান
প্রসারের লক্ষ্যে কুমিল্লা একাডেমী
হইতে ৩০ মাইল দূরে বরুড়ার
আমড়াতলীতে আজ শনিবার সকাল
১০টার শিক্ষা-প্রযুক্তি ও মানব
উন্নয়ন সম্মেলন শুরু হইতেছে।
(৪র্থ পৃঃ দ্রঃ)

কৃষি স্কুল

(৩য় পৃঃ পর)

এ সম্মেলন সারাদেশে কৃষিস্কুলের
প্রসার, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষা-
ার্থীদের কৃষি, শিল্প, স্বাস্থ্য, মৎস্য,
প্রযুক্তি শিক্ষাদানের লক্ষ্যে সরকারী
নীতি সংস্কারের আহ্বান জানাইবে।
জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী মানব
উন্নয়ন রিপোর্টে দুঃসহ বেকারত্ব
ও দারিদ্রের যে নীরব সংকট-এর
কথা বলিয়াছে উহা নিরসনের
পথ ও পন্থা নির্ণয়ের জন্য বরুড়ায়
দেশের খাতনামা কৃষি, মৎস্য,
সমাজ-অর্থনীতি বিশেষজ্ঞগণ
স্বেচ্ছাসেবী হিসাবে কাজ করি-
বেন। উদ্যোগটি সম্পূর্ণ সামাজিক
হইলেও স্থানীয় স্কুল-কলেজ থানা
ও জেলা প্রশাসন শিক্ষার মান
উন্নয়ন ও প্রযুক্তি প্রসারের এ
সামাজিক আন্দোলনে সহায়তা
দিতেছে।